

Website: www.bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



এসএফডি সার্কুলার লেটার নং-৪

২০ শ্রাবণ ১৪২৮

তারিখ: -----

০৪ আগস্ট ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

দেশে চলমান করোনাভাইরাস সংকট মোকাবেলায় ব্যাংকসমূহের
কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায়
বিশেষ CSR কার্যক্রম পরিচালনা ও এ সংক্রান্ত Reporting প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ২৬ এপ্রিল ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-৯ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯/২০২১ ও ৩৭/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ১৪ জুলাই ২০২১ পর্যন্ত ব্যাংকসমূহ কর্তৃক জেলা প্রশাসক/NGO/MFI/নিজস্ব ব্যবস্থাপনা/সেনা কল্যাণ সংস্থার মাধ্যমে বিশেষ CSR কার্যক্রম পরিচালনা সংক্রান্ত তথ্য পর্যালোচনায় বাস্তবায়ন অগ্রগতি আশানুরূপ নয় বিধায় এ বিশেষ কার্যক্রমের আওতায় আপনাদেরকে তৃণমূল পর্যায়ে হত-দরিদ্র, সুবিধা-বঞ্চিত মানুষের মাঝে নিত্য প্রয়োজনীয় সামগ্রী ও স্বাস্থ্যসেবা প্রদান/পৌঁছানো নিশ্চিতকল্পে সক্রিয় ভূমিকা রেখে এ বিশেষ কার্যক্রমকে বেগবান করার পরামর্শ দেয়া যাচ্ছে। এ লক্ষ্যে বিশেষ CSR খাতে নির্দিষ্টকৃত অর্থ বিতরণের সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩। বর্ণিত কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে ফলপ্রসূ বাস্তবায়ন তদারকী নিশ্চিত করার লক্ষ্যে সংযুক্ত ছক মোতাবেক (সংযুক্তি-ক) পাক্ষিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন দাখিল করার নির্দেশনা দেয়া হলো। এ লক্ষ্যে ৩০.৭.২০২১ তারিখ ভিত্তিক প্রথম প্রতিবেদন আগামী ১০.৮.২০২১ তারিখের মধ্যে দাখিল করার জন্য পরামর্শ দেয়া হলো। এতদ্ব্যতীত, অন্যান্য পাক্ষিক প্রতিবেদন (প্রতি মাসের ১৫ ও ৩০ তারিখ ভিত্তিক) প্রতি পক্ষকাল শেষ হওয়ার পরবর্তী ০৩ কর্মদিবসের মধ্যে মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এ দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হলো।

সংযোজনী: বর্ণনা মতে।

আপনাদের বিশ্বস্ত

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩২০

Email: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd

বিশেষ কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রম সম্পর্কিত বিবরণী

ব্যাংকের নাম:

ক) বিশেষ CSR বরাদ্দ:

ডিসেম্বর ২০২০ ভিত্তিক নিট মুনাফা	ডিসেম্বর ২০২০ ভিত্তিক নিট মুনাফা হতে ১% হারে CSR বরাদ্দের পরিমাণ

খ) খাতওয়ারী বিশেষ CSR ব্যয়:

(ব্যয়ের পরিমাণ লক্ষ টাকায়)

ক্র. নং:	১	২	৩	৪	৫		৬		৭	৮	৯	১০		
	সহায়তার খাতসমূহ	রাজশাহী ও খুলনা বিভাগে ব্যয়ের পরিমাণ	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় ব্যয়ের পরিমাণ	জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ব্যয়ের পরিমাণ	জেলা প্রশাসকের মাধ্যমে সম্পাদিত ব্যয়ের পরিমাণ (সুনির্দিষ্ট জেলা প্রশাসনের নাম উল্লেখ করতে হবে)	নাম	ব্যয়ের পরিমাণ	NGO/MFI/সেনা কল্যাণ সংস্থা-এর মাধ্যমে সম্পাদিত ব্যয়ের পরিমাণ (সুনির্দিষ্ট NGO/MFI এর নাম উল্লেখ করতে হবে)	নাম	ব্যয়ের পরিমাণ	ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় সম্পাদিত ব্যয়ের পরিমাণ	মোট ব্যয় (২+৩+৪) [২+৩+৪ এর সমষ্টি ৫+৬+৭ এর সমান হবে]	উপকার ভোগীর সংখ্যা	জেলা/উপজেলা/ইউনিয়নের নাম
ক)	নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী													
খ)	স্বাস্থ্য-সুরক্ষা সামগ্রী													
গ)	চিকিৎসা ব্যয়													
ঘ)	জীবিকা নির্বাহে ব্যয়													
	সর্বমোট													

* প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্ত বিবরণীতে বিস্তারিত উল্লেখ করতে হবে।